গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.১৮১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

বিষয়: **রিট পিটিশন নং-১০৩৮৫/২০২০ এবং ৪৩৭৬/২০২১ মামলা পরিচালনা প্রসঙ্গে।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.৩৭.০০০০.০৭৪.৪৬.০০১.২১-১৩৩ তারিখ-২৮.০৬.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)- এর আওতায় Additional Class Teacher (ACT) জনাব তানহা হোসেনসহ, মোট ২০৪ (দুই শত চার) জন মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশননং-১০৩৮৫/২০২০ মামলা দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়সহ মোট ১২ (বারো) জনকে বিবাদী করা হয়েছে। যেহেতু মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১০৩৮৫/২০২০ মামলায় সচিব, মাধ্যমিকও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার জন্য ইতোমধ্যে ২৭ জুন ২০২১খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.১৫৮ সংখ্যক স্মারকে মামলা পরিচালনার জন্য পত্র দেয়া হয়েছে।

অপরদিকে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেকায়েপ প্রকল্পে ৫২০০ জন অতিরিক্ত শ্রেণি শিক্ষকদের (ACT) ব্যাপারে স্থায়ী সমাধানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী, সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করেন। আবেদন নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ কামরুজ্জামান উপজেলা- নকলা, জেলা- শেরপুরসহ মোট ৫২ (বাহান্ন) জন মহামান্য হাইকোর্ট বিভাগেরিটপিটিশননং-৪৩৭৬/২০২১ মামলা দায়ের করেন। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাউশিসহ মোট ১১ (এগারো) জনকে বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, গত ২৭ জুন ২০২১খ্রি. তারিখে হাইকোর্টের রিট পিটিশন নং-১০৩৮৫/২০২০ মামলা পরিচালনাসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৩৭৬/২০২১ মামলাটিও পরিচালনার জন্য (মামলারঅগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ করার) নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৮-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

জনাব তৌফিক আনোয়ার চৌধুরী
বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, এপার্টমেন্ট
নং- বি-৪, বাড়ী নং-৩, রোড নং- ১৬/এ, গুলশান-১,
ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.১৮১/১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২) প্রোগ্রাম কো-অডিনেটর, সেকেন্ডারী এডুকেশন ডেভলোপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি), শিক্ষা ভবন, ঢাকা।
জনাব তৌফিক আনোয়ার চৌধুরী, বিজ্ঞ আইনজীবী)-কে রিট পিটিশন নং-১০৩৮৫/২০২০ এবং ৪৩৭৬/২০২১ মামলাদ্বয়ের বিষয়ে তথ্য উপাত্ত দিয়ে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩) সহকারী সচিব , পরিচালক - ৭, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৮) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২-৮-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব